

১০

তারিখ 27 NOV 1993

দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা... ১/ কলাম... ৫

**ঢাকা ভাসিটিতে পরিবেশ  
ও পারফর্মিং আর্ট  
বিভাগ খোলা হইবে**

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক একটি ইনস্টিটিউট এবং পরিবেশ ও পারফর্মিং আর্ট বিষয়ে দুইটি স্বতন্ত্র বিভাগ খোলা হইবে। গত বৃহবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নবনির্বাচিত (৪র্থ পৃ: ড্র:)

**ঢাকা ভাসিটিতে**

(৩য় পৃ: পর)

কর্মকর্তা ও সদস্যদের সহিত এক সাক্ষাৎকার অনুষ্ঠানে তিনি এই তথ্য প্রকাশ করিয়াছেন। মুক্তিযুদ্ধ বিষয়ক ইনস্টিটিউটের লক্ষ্য হইবে আমাদের মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংরক্ষণ ও গবেষণা করা। এই ইনস্টিটিউট হইতে পি, এইচ, ডি ও এমফিল ডিগ্রী প্রদান করা হইবে। পরিবেশ বিষয়ক স্বতন্ত্র বিভাগটিতে পরিবেশ দূষণ, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি বিষয়ে পাঠদান ও গবেষণা করা হইবে। নৃত্য, সঙ্গীত ও নাটকের সমন্বয়ে পরিচালিত হইবে পারফর্মিং আর্ট বিভাগ। একইসাথে বিশ্ববিদ্যালয়ের পাঠদান পদ্ধতি আরও আধুনিক করার লক্ষ্যে সাবসিডিয়ারী বিষয় উঠাইয়া দেওয়া হইবে।

সাক্ষাৎকার অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা নূরুল ইসলাম, সাংবাদিক সমিতির সভাপতি রেজাউল করিম নোটার, সাধারণ সম্পাদক ফরিদুল্লাহমান যুক্ততা করেন।